গত সাতদিন
(১৮.১০.২০১৪–২৪.১০.২০১৪)

রাজনীতি
ছাত্রদলের কার্যালয়ে তালা
নতুন কমিটি ভেঙে দেয়ার দাবিতে অটল ছাত্রদলের পদবঞ্চিত বিক্ষুব্ধরা। ১৮ অক্টোবর বিক্ষুব্ধরা নয়াপল্টনে ছাত্রদলের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে ব্যাপক বিক্ষোভ প্রদর্শন করেন। এ সময় তারা কেন্দ্রীয় কার্যালয়ে তালা ঝুলিয়ে দেয়। একই সঙ্গে তারা কমিটি গঠনের দায়িত্ব পালনকারী বিএনপির দুই নেতা শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি ও সুলতান সালাউদ্দিন টুকুর কুশপুত্তলিকা দাহ করে। কমিটি বাতিলের দাবিতে ১৯ অক্টোবর নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয়ের সামনে অনির্দিষ্টকালের অবস্থান কর্মসূচির ঘোষণা দিয়েছে বিদ্রোহীরা। ১৮ অক্টোবর বিদ্রোহীদের সমাবেশ থেকে এ ঘোষণা দেন সংগঠনের সাবেক কমিটির (টুকু-আলিম) সাংগঠনিক সম্পাদক আনিসুর রহমান তালুকদার খোকন।

সংঘর্ষে পদবঞ্চিত ছাত্রদল কর্মীরা ছবি : দ্য ডেইলি স্টার

বিশ্বব্যক্তিত্ব
এমসিসিআই অনুষ্ঠানে এপিজে আবদুল কালাম
উন্নয়নের জন্য নেতৃত্বই আসল বলে মন্তব্য করেছেন ভারতের সাবেক রাষ্ট্রপতি ও প্রখ্যাত পরমাণু বিজ্ঞানী এপিজে আবদুল কালাম। তিনি বলেন, উন্নয়নের জন্য বেশ কিছু বিষয় অবশ্যই দূরদৃষ্টিসম্পন্ন হতে হবে। এ দূরদৃষ্টিকে কাজে পরিণত করার জন্য গভীর ভালবাসা থাকাও আবশ্যক। ১৮ অক্টোবর রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ঢাকা মেট্রোপলিটন চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (এমসিসিআই) ১১০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, পাট শিল্প বাংলাদেশ ও ভারতের জন্য খুবই সম্ভাবনাময় শিল্প। কিন্তু দুঃখের বিষয় হলো এ শিল্প নিয়ে বাংলাদেশের কোনো সরকারের মধ্যেই কোনো ভিশন, মিশন কিংবা ভাবনা নেই। এ শিল্প এগিয়ে নিতে পারলেই গ্রামীণ অর্থনীতি চাঙ্গা হবে।

জনশক্তি ও কর্মসংস্থান
থাইল্যান্ডে ১৩০ বাংলাদেশি দাস শ্রমিক
থাইল্যান্ডের একটি জঙ্গল থেকে ১৩০ বাংলাদেশিকে উদ্ধার করেছে স্থানীয় কর্তৃপক্ষ। এক সপ্তাহ ধরে অভিযান চালিয়ে তাদের উদ্ধার করা হয়। এসব বাংলাদেশিকে ওই জঙ্গলে 'দাস শ্রমিক' হিসেবে কাজ করানো হতো। বিবিসি এক প্রতিবেদনে ১৮ অক্টোবর এ খবর দিয়েছে। প্রতিবেদনটির সঙ্গে একটি ভিডিও চিত্রও সংযোজন করা হয়।

বিবিসি জানায়, দক্ষিণ থাইল্যান্ডে একটি চক্র রয়েছে যারা দীর্ঘদিন ধরে বাংলাদেশিদের বিভিন্ন খামারে বা মাছ ধরার ব্যবসায় ক্রীতদাসের মতো কাজ করাচ্ছে। বিবিসির দক্ষিণ এশিয়া বিষয়ক সংবাদদাতা জোনাথন হেড থ্যাইল্যান্ডে এমন একটি জায়গা ঘুরে দেখেছেন, যেখানে অন্তত ১৩০ জন বাংলাদেশিকে 'ভালো' চাকরির লোভ দেখিয়ে নিয়ে আসা হয়েছে। তারা সবাই মানব পাচারের শিকার।

মূল্যবৃদ্ধি
বিদ্যুৎ ও গ্যাসের দাম বাড়ছে
শিগগিরই আরেক দফা বাড়ছে বিদ্যুৎ ও গ্যাসের দাম। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) বিদ্যুতের দাম বাড়ানোর প্রস্তাব ১৪ অক্টোবর বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি) কাছে দিয়েছে। আর গ্যাসের দাম বৃদ্ধির প্রস্তাব যাচ্ছে চলতি মাসের শেষ দিকে। প্রধানমন্ত্রীর অনুমোদনের পর গ্যাসের দাম বৃদ্ধির প্রস্তাব ইতিমধ্যেই বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয় পেট্রোবাংলার কাছে পাঠিয়ে দিয়েছে। এ নিয়ে বর্তমান সরকার ২০০৯ সাল থেকে বিদ্যুতের দাম ৭ বার ও গ্যাসের দাম ২ বার বাড়ালো। আগামী বছরের জানুয়ারি মাসে এ বৃদ্ধি কার্যকর হবে।

জঙ্গি তৎপরতা
হিযবুত-পুলিশ সংঘর্ষে আহত ৫
খোদ রাজধানীতে এবার প্রকাশ্যে পুলিশের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হয়েছে জঙ্গি সংগঠন হিযবুত তাহরির। সংঘর্ষে পুলিশ সদস্যসহ ৫ জন আহত হয়েছে। পরিস্থিতি সামাল দিতে পুলিশকে গুলি ছুড়তে হয়েছে। গুলিবিদ্ধ এক হিযবুত সদস্যকে গ্রেফতার করা হয়েছে। ঢাকা মেডিক্যাল কলেজের জরুরি বিভাগে তার চিকিৎসা চলছে। মোহাম্মদপুর থানায় এদের বিরুদ্ধে সন্ত্রাস দমন আইনে মামলা করা হয়েছে। এর .আগে ক্যান্টনমেন্ট ফ্লাইওভারের ওপর পুলিশ-জেএমবি গুলি বিনিময় হয়। এতে এক জেএমবি সদস্য গুলিবিদ্ধ হয়ে ধরা পড়ে।

জনস্বাস্থ্য
ইবোলা প্রতিরোধে সর্বোচ্চ সতর্কতা
প্রাণঘাতী ইবোলা প্রতিরোধে সর্বোচ্চ সতর্কতায় রয়েছে শাহজালালসহ দেশের সব প্রবেশদ্বার। বিমান, স্থল ও নৌ বন্দরগুলোতে সার্বক্ষণিক ডাক্তার ও নার্স তৎপর রয়েছে। আফ্রিকান নাগরিক দেখা মাত্রই তাদের স্বাস্থ্য পরীক্ষা করা হচ্ছে। শুধু ইবোলা আক্রান্ত ছয়টি দেশই নয়, আফ্রিকা মহাদেশ থেকে আগত সব যাত্রীকেই শাহজালাল বিমানবন্দরে চেক করা হচ্ছে। জরুরিভিত্তিতে থার্মাল স্ক্যানার বসানো হয়েছে। স্বাস্থ্য, ইমিগ্রেশন, সিভিল এভিয়েশন ও সেনাবাহিনীর দায়িত্বপূর্ণ কর্মকর্তাদের নিয়ে ১১ সদস্যের উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠন করা হয়েছে।

ব্যবসা-বাণিজ্য
ডি-৮-এ শুল্ক সুবিধা চাইবে বাংলাদেশ
দ্বিপক্ষীয় বাণিজ্য বৃদ্ধিতে ডি-৮ সম্মেলনে বিশেষ শুল্ক সুবিধা চাইবে বাংলাদেশ। রুলস অব অরিজিনের ক্ষেত্রে ভিন্নমত থাকার কারণে বাংলাদেশ ডি-৮ পিটিএ অনুসমর্থন করেনি। এ কারণে স্বল্পোন্নত দেশ হিসেবে বিশেষ সুবিধা পাওয়ার কথা থাকলেও তা পাচ্ছে না। এ ফোরাম সদস্য দেশগুলোর মধ্যে মুক্ত বাণিজ্যের ক্ষেত্রে রুলস অব অরিজিনে স্থায়ীভাবে ৪০ শতাংশ

সপ্তাহের উক্তি

'সরকার গোয়েন্দা সংস্থা ব্যবহার করে দল ভাঙার চেষ্টা করছে।'
–খালেদা জিয়া, চেয়ারপারসন, বিএনপি গুলশানে বিএনপি কার্যালয়ে চট্টগ্রাম বিভাগের উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদের সঙ্গে মতবিনিময়কালে। (আমাদের সময়, ১৯ অক্টোবর)

'ড. ইউনূসের প্রতি বাংলাদেশ কৃতজ্ঞ।'
–আবুল মাল আবদুল মুহিত, অর্থমন্ত্রী আইএনএম, পিকেএসএফ এবং এমআরএ-এর উদ্যোগে দুদিনব্যাপী সম্মেলনে। (আমাদের সময়, ২০ অক্টোবর)

'হতাশায় বিএনপি মানসিক ভারসাম্যহীন হয়ে গেছে।'
–ওবায়দুল কাদের এমপি, সড়ক ও সেতুমন্ত্রী টাঙ্গাইলের পুংলী সেতু উদ্বোধনকালে। (বাংলাদেশ প্রতিদিন, ১৭ অক্টোবর)

'যে দিন কমিটির বৈঠক থাকে ওই দিন মন্ত্রীরা অন্য কাজে ব্যস্ত থাকেন।'
–ফাতেমাতুজ্জোহরা, এমপি, বিশিষ্ট সংগীতশিল্পী ও সদস্য, শিল্প মন্ত্রণালয় বিষয়ক স্থায়ী কমিটি দৈনিক প্রথম আলোকে দেয়া সাক্ষাৎকারে। (প্রথম আলো, ২০ অক্টোবর)

'শিশু বিবাহ জাতি, রাষ্ট্র, সমাজ, পরিবার ও শিশুর শত্রু।'
–নাসিমা আক্তার, ব্যবস্থাপক, জাতীয় কন্যা শিশু অ্যাডভোকেসি ফোরাম প্রথম আলো আয়োজিত গোলটেবিল বৈঠকে। (প্রথম আলো, ১১ অক্টোবর)

'বন্দুকযুদ্ধ নিয়ে কথা বলা নিষেধ আছে।'
–শিকদার আক্কাচ আলী, ওসি, পাইকগাছা, খুলনা বন্দুকযুদ্ধে ১৩ বনদস্যু নিহত হওয়ার প্রতিক্রিয়ায়। (প্রথম আলো, ১৩ অক্টোবর)

উৎপাদন মূল্য যুক্ত করার শর্ত দেয়া হয়েছে। বাংলাদেশ তা কমিয়ে এবারো ৩০ শতাংশ করার প্রস্তাব করবে। এটি পাওয়া গেলে ডি-৮ ভুক্ত দেশগুলোতে বাংলাদেশের রফতানি বাণিজ্য বাড়বে।

মানবতাবিরোধী অপরাধের বিচার আবার সংশোধনী আসছে আইনে

একাত্তরে সংঘটিত মানবতাবিরোধী অপরাধে জড়িত সংগঠন বা রাজনৈতিক দলের বিচারের লক্ষ্যে আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) আইন সংশোধনের প্রস্তাব শিগগিরই মন্ত্রিসভায় উত্থাপন হচ্ছে। কার্যত জামায়াতে ইসলামীকে বিচারের আওতায় আনতে এ উদ্যোগ নিয়েছে সরকার। এরই মধ্যে এ সংশোধনীর খসড়া চূড়ান্ত করেছে আইন মন্ত্রণালয়। আগামী ৩ নভেম্বরে এ সংক্রান্ত খসড়া মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপন করা হতে পারে।

আইন-শৃঙ্খলা

বিভিন্ন স্থানে নিহত ৪

মানিকগঞ্জের সিঙ্গাইরে মা-বাবাকে কুপিয়ে হত্যার পর দুই বছরের ভাগ্নেকে জিম্মি করে পালানোর সময় পুলিশের গুলি ও গণপিটুনিতে নিহত হয়েছে সাইদুর রহমান নামের এক ব্যক্তি। বাবার সঙ্গে ঝগড়ার জের ধরে সে এ ঘটনা ঘটায় বলে স্থানীয় লোকজন জানায়। কক্সবাজারের চকরিয়ায় ১৮ অক্টোবর গভীর রাতে বাড়িতে ঢুকে নারায়ণ দাশ নামের এক স্কুল শিক্ষককে গুলি করে হত্যা করেছে সন্ত্রাসীরা। হামলায় গুরুতর আহত হয়েছে ওই শিক্ষক পরিবারের ৬ সদস্য। গাজীপুরে ঘুমন্ত স্ত্রীকে বঁটি দিয়ে জবাই করে হত্যা করেছে স্বামী। বাগেরহাটের মোড়েলগঞ্জে প্রতিপক্ষের হামলায় এক যুবলীগ নেতা নিহত হয়েছে।

আইন-আদালত

নারায়ণগঞ্জ আদালতে বোমা মারার হুমকি

বোমা মেরে নারায়ণগঞ্জ আদালত উড়িয়ে দেয়ার হুমকি দিয়ে দুই আইনজীবীর মোবাইলে এসএমএস দেয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় আইনজীবীদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে। আদালতপাড়ায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে এবং আদালতের মূল ফটক বন্ধ করে দিয়ে পকেট গেট দিয়ে তল্লাশির মাধ্যমে প্রবেশ করতে দেয়া হচ্ছে। এসএমএসপ্রাপ্ত আইনজীবী সাইদুর রহমান জানান, শনিবার তার মোবাইলে ০১৯৫১২৪৬৫৭৫ নম্বর থেকে এসএমএস পাঠানো হয়। তাতে বলা হয় শিগগিরই বোমা হামলা চালানো হবে জজকোর্টে।

ভর্তি পরীক্ষা

দ্বিতীয়বার অংশ নেয়ার সুযোগ দাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেয়ার সুযোগ আরো অন্তত এক বছর বহাল রাখার দাবিতে ফের বিক্ষোভ করেছে ভর্তিচ্ছুক শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের এ কর্মসূচিতে পুলিশ বাধা দিয়ে পাঁচজনকে আটক করে এবং পরে ছেড়ে দেয়। আন্দোলনরত শিক্ষার্থীরা পাঁচ দিনের আল্টিমেটাম দিয়ে নতুন কর্মসূচি ঘোষণা করেছে। তবে এ দাবি না মানার সিদ্ধান্তে অটল রয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

রাজউক

উত্তরায় অভিযান শুরু ২৩ অক্টোবর থেকে

আবাসিক ভবনকে বাণিজ্যিক ভবন হিসেবে ব্যবহার ও কার পার্কিংয়ের স্থান না রাখায় রাজধানীর উত্তরা এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত নিয়েছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)। ২৩ অক্টোবর থেকে এ অভিযান শুরু হবে। ভবন নির্মাণ আইন যারা অনুসরণ করেননি তাদের বিরুদ্ধে নোটিশ জারি করা হয়েছে। অনিয়মের সঙ্গে জড়িত ভবন মালিকদের বিরুদ্ধে এ অভিযান পরিচালনা করা হবে।

মানবাধিকার

সত্য প্রতিষ্ঠার যুদ্ধে জয়ী হলেন লিমন

অবশেষে এক পা হারানো লিমন সত্য প্রতিষ্ঠার যুদ্ধে জয়ী হলেন। এখন তার চাওয়া অন্যায়কারীদের বিচার। র‍্যাবের গুলিতে বাঁ পা হারানোর তিন বছর সাত মাস পর র‍্যাবের করা দ্বিতীয় মামলা থেকে অব্যাহতি পেলেন ঝালকাঠির রাজাপুরের লিমন হোসেন। ১৬ অক্টোবর সহকারী সরকারি কৌঁসুলি মো. হোসেন আকনের আবেদনের পরিপ্রেক্ষিতে সরকারি কাজে বাঁধা দেয়ার অভিযোগে করা এ মামলা থেকে লিমনকে অব্যাহতির আদেশ দেন ঝালকাঠির মুখ্য বিচারিক হাকিম মো. আবু শামীম আজাদ। এর আগে লিমন অস্ত্র মামলা থেকে অব্যাহতি পেয়েছিলেন।

দুদক

সাংসদ বদিকে রিমান্ডে নেয়ার আবেদন

জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন ও তথ্য গোপনের অভিযোগে করা মামলায় কক্সবাজার-৪ আসনের আওয়ামী লীগের সাংসদ আবদুর রহমান বদিকে ১০ দিনের রিমান্ডে নেয়ার আবেদন করেছে দুর্নীতি দমন কমিশন। ১৯ অক্টোবর দুদকের উপ-পরিচালক ও মামলার তদন্ত কর্মকর্তা মঞ্জুর মোর্শেদ আদালতে এ আবেদন করেন। ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালত ২৬ অক্টোবর আবদুর রহমানের উপস্থিতিতে রিমান্ড বিষয়ে শুনানির দিন ধার্য করেছেন।